দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 JAN 2016
পৃষ্ঠা ২.৫ কলাম ৫

# অধ্যাপকের গাড়ি চাপায় প্রভাষকসহ নিহত ২

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** শনিবার শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সামনে একটি প্রাইভেটকারের ধাক্কায় দু'পথচারী নিহত ও ৩ জন আহত হয়েছেন। নিহতরা হচ্ছেন- সুনামগঞ্জের ছাতক ডিগ্রী কলেজের প্রভাষক আতাউর রহমান ও জগন্নাথপুরের কারবিয়া গ্রামের গিয়াস উদ্দিন (৬০)।

জানা যায়, শাবি আইপিই বিভাগের অধ্যাপক আরিফ আহমদ কার নিয়ে ড্রাইভিং শিখতে গেলে এ দুর্ঘটনা ঘটে। বেলা সাড়ে ১১টার দিকে শাবি ক্যাম্পাসের প্রবেশ পথে অধ্যাপক আরিফ আহমদ গাড়ি চালানো শেখার সময় নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে। এতে দুই পথচারী ও শাবির এক ছাত্রীকে ধাক্কা দিয়ে গাড়িটি একটি গাছের সঙ্গে গিয়ে ধাক্কা খায়। ফলে ঘটনাস্থলেই নিহত হন জগন্নাথপুরের কারবিয়া গ্রামের গিয়াস উদ্দিন (৬০)। গুরুতর আহত অবস্থায় ছাতক ডিগ্রী কলেজের প্রভাষক আতাউর রহমানকে সিলেট ওসমানী হাসপাতালে নিয়ে যাওয়ার পর তিনি মারা যান। এ দুর্ঘটনায় শাবি শিক্ষক আরিফ আহমদ, ছাত্রী সেলিনা এবং প্রাইভেটকার চালক কালাম আহত হয়েছেন।

## নীলফামারীতে দুই বন্ধু

স্টাফ রিপোর্টার, নীলফামারী থেকে জানান, ঘন কুয়াশায় নিয়ন্ত্রণ হারিয়ে সড়ক দুর্ঘটনায় মোটরসাইকেল আরোহী দুই যুবক নিহত হয়েছে। শনিবার সকাল ১১টার দিকে ঘটনাটি ঘটে জলঢাকা-ডোমার সড়কের দুন্দিবাড়ি সাইডেরপাড় নামক স্থানে। নিহতরা হলো- জলঢাকা উপজেলার শহরের আহেলার বাজার গ্রামের মতিয়ার রহমানের ছেলে লাভলু হোসেন (২৫) ও একই গ্রামের রবিউল ইসলামের ছেলে শাহীন রহমান (২৫)।

প্রত্যক্ষদর্শীরা জানায় দুই বন্ধু একই মোটরসাইকেলযোগে গ্রাম থেকে জলঢাকা বাজারে আসছিল। মোটরসাইকেলের গতি বেশি থাকায় দুন্দিবাড়ি সাইডেরপাড় মুকুরদিঘির সামনে সড়কের বাঁক নেয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের ধারে একটি শিমুলগাছে গিয়ে সজোরে ধাক্কা খায়। এতে ঘটনাস্থলেই দুই বন্ধু নিহত হয়।

## সিদ্ধিরগঞ্জে কলেজছাত্রী

নিজস্ব সংবাদদাতা, নারায়ণগঞ্জ থেকে জানান, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জের সানারপাড় এলাকায় একটি যাত্রীবাহী বাসের চাকায় পিষ্ট হয়ে সানোয়ারা আক্তার (১৮) নামে এক কলেজছাত্রী নিহত হয়েছে। সানোয়ারা আক্তার ঢাকা মহানগর ডিগ্রী কলেজের প্রথম বর্ষের ছাত্রী। সে সানারপাড় এলাকার সানাউল্লাহর মেয়ে। ঘটনাটি ঘটেছে শনিবার সকাল সাড়ে ৮টায়। সিদ্ধিরগঞ্জ থানার উপ-পরিদর্শক (এসআই) সুজন বিশ্বাস জানান, সকাল সাড়ে ৮টায় এক কলেজছাত্রী রাস্তা পার হওয়ার সময় ঢাকা থেকে নরসিংদীর মনোহরদিগামী একটি যাত্রীবাহী বাস (নং ঢাকা মেট্রো-ব-১৪-৪২০৯) তাকে চাপা দিলে সে গুরুতর আহত হয়। পরে তাকে উদ্ধার করে স্থানীয় লোকজন ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যায়। সেখানে তার মৃত্যু হয়।